

# ঢাবিতে ‘ভয়েস অব বিজনেসের’ ১৫তম ম্যাগাজিনের মোড়ক উন্মোচন

অনলাইন ডেস্ক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীদের পরিচালিত অন্যতম বৃহত্তম ব্যবসায়িক প্রকাশনা ক্লাব হলো ‘ভয়েস অব বিজনেস (ভিওবি)’। সম্প্রতি তাদের ১৫তম ম্যাগাজিনের মোড়ক উন্মোচন অনুষ্ঠান আয়োজিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের আব্দুল্লাহ ফারুক হলে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন ড. মোহাম্মদ ওসমান ইমাম। এ ছাড়াও সংগঠনের অ্যালামনাই সদস্যরা অনুষ্ঠানে অংশ নেন।

অনুষ্ঠানে প্রতিষ্ঠাতা সদস্য মোহাম্মদ  
আলাউদ্দিন ও শাবাহ কবিরের সঙ্গে উপস্থিত  
ছিলেন দীপেশ বণিক, তামান্না রহমান, মো.  
আজমাইন আদিল, জামিলুর রেজা ইফতি,  
নাফিজ আল শেখ ও রুসমিয়া রাজ্জাক। তারা  
সংগঠনের দীর্ঘ যাত্রাপথের নানা স্মৃতি তুলে  
ধরেন এবং নতুন নেতৃত্বের সাফল্য কামনা  
করেন।

অনুষ্ঠানে ম্যাগাজিনের সর্বশেষ সংস্করণ  
প্রকাশের পাশাপাশি ভিওবি আয়োজিত রাইটিং  
কনটেস্টের ফলাফলও ঘোষণা করা হয়।  
প্রতিযোগিতায় সুবরুকা মাহবুব আরপি বিজয়ী  
হন।

প্রথম রানার আপ হিসেবে নির্বাচিত হন  
রিদওয়ান রাইশ খান এবং দ্বিতীয় রানার আপ  
হন আহসানুল রাজী। পরে বিজয়ীদের হাতে  
সনদ ও সম্মাননা তুলে দেওয়া হয়।

প্রধান অতিথির বক্তব্যে ড. মোহাম্মদ ওসমান  
ইমাম বলেন, শিক্ষার্থীদের লেখালেখি, গবেষণা  
ও বিশ্লেষণধর্মী চিন্তাকে উৎসাহিত করার ক্ষেত্রে  
এ ধরনের ম্যাগাজিন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন

করে। ভয়েস অব বিজনেস শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে।

অনুষ্ঠানের আরেকটি তাৎপর্যপূর্ণ পর্ব ছিল সংগঠনটির নতুন কার্যনির্বাহী কমিটির কাছে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব হস্তান্তর বা ক্যাবিনেট হ্যান্ডওভার। ভয়েস অব বিজনেসের নবগঠিত কমিটিতে সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন তাওহিদ উদ্দিন আলভী, সাধারণ সম্পাদক হিসেবে মো. সাকিব হোসেন নাহিদ এবং প্রধান সম্পাদক হিসেবে দায়িত্ব নিয়েছেন ইশরাক ফারহান ভূঁইয়া।

নতুন নেতৃত্ব সংগঠনটির প্রকাশনা কার্যক্রম আরো সমৃদ্ধ করা, দক্ষতা উন্নয়নভিত্তিক কর্মসূচি সম্প্রসারণ এবং শিক্ষার্থীদের জন্য উদ্ভাবনী ও ফলপ্রসূ উদ্যোগ গ্রহণের প্রত্যাশা ব্যক্ত করেন।

২০০৭ সালে প্রতিষ্ঠিত ভয়েস অব বিজনেস দেশের প্রথম শিক্ষার্থী-পরিচালিত ব্যবসায়িক ম্যাগাজিন প্রকাশনা ক্লাব হিসেবে যাত্রা শুরু করে। প্রতিষ্ঠার পর থেকে সংগঠনটি নিয়মিত ম্যাগাজিন প্রকাশের পাশাপাশি ব্র্যান্ড্রিল কেস কম্পিটিশন, রাইটিং কনটেস্ট, সেমিনার ও

বিভিন্ন ক্যারিয়ারভিত্তিক আয়োজন করে  
আসছে।